

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০১.১৯-১২৭৪

তারিখঃ ২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ
১৩ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা কার্যালয়ে সরাসরি
নিয়োগযোগ্য শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান

সূত্রঃ শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর স্মারক নং-এসআর/ডিআই/প্রশাসন/২০১৯-২০২০/৮৯২, তারিখঃ ২৫/০৪/২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক নিয়োগ সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য নিম্নোক্ত ০৩টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হলো ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	মন্তব্য/ছাড়পত্র না দেওয়ার কারণ
শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা	১	মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওলোজি- ২, ফার্মেসী-১, ল্যাবরেটরী-৩)	০১	২টি মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরী)	* মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওলোজি/ফার্মেসী) পদসমূহ নিয়োগবিধি বহির্ভূত পদ; * ১টি মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরী) পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য।
	২	হিসাবরক্ষক	০১	--	পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য
	৩	শ্বেত্রিলাইজার কাম মেকানিক	০১	--	নিয়োগবিধি বহির্ভূত পদ
	৪	রিসিপশনিষ্ট	০১	০১	
	৫	জমাদার	০৩	--	১৯ গ্রেডের জমাদার পদ নিয়োগবিধিতে নেই
	৬	লিফট ম্যান	০৫	--	২০ গ্রেডের লিফট ম্যান পদ নিয়োগবিধিতে নেই
	৭	ওয়্যাসার ম্যান	০১	--	নিয়োগবিধি বহির্ভূত পদ
	৮	স্ট্রচার বেয়ারার	০২	--	নিয়োগবিধি বহির্ভূত পদ
সর্বমোট ০৩টি					


শর্তাবলীঃ

- (১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' ও নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য শূন্য পদে এবং আউটসোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবাশ্বিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/ভারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;

(Signature)

চলমান পাতা-২

- (৬) বর্তমানে ছাড়কৃত ০৩টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে/নিয়োগ কার্যক্রম চলমান থাকে/পদের বিরুদ্ধে মামলা থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;
- (৭) সাংগঠনিক কাঠামো ও পদসৃজনের আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃজনের আদেশে পদ থাকলে ২০১৮ এর নিয়োগ বিধিমালার তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না;
- (৮) 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' তে অন্তর্ভুক্ত নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী নিয়োগযোগ্য প্রতিটি পদের ১০% শূন্য রাখতে হবে;
- (৯) প্রস্তাবকৃত শূন্যপদ পদোন্নতিযোগ্য পদ, পদ সৃজন, মামলা মোকদ্দমা ইত্যাদি যাচাই/বাতাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হল।


 ০৪/০১/২০২০
 (জাকিয়া পারভীন)
 উপসচিব
 ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

পরিচালক
 শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল
 মহাখালী, ঢাকা

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।